গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা
রাজস্ব শাখা।
www.barguna.gov.bd

স্মারক নম্বর : ৩১.১০.০৪০০.১১১.৩২.৫৪৪.২০-৬৯৭ (১৫০),

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৭ / ১০ মার্চ ২০২১

## বালুমহাল ইজারার উন্মুক্ত দরপত্র বিজ্ঞপ্তি

বরগুনা জেলার বিভিন্ন উপজেলায় অবস্থিত ১৬ (ষোল) টি বালুমহাল বাংলা ১৪২৮ সনের ৩০ চৈত্র পর্যন্ত একসনা ইজারা প্রদানের লক্ষ্যে প্রথম শ্রেণির বালুমহাল ইজারাদার হিসেবে তালিকাভুক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে :

(ক) বিজ্ঞপ্তিতে বর্ণিত তারিখে প্রতি দরপত্রের জন্য ১০০০/-(এক হাজার) টাকা জেলা প্রশাসক, বরগুনা এর অনুকূলে যে কোন তপশিলি ব্যাংক হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট মারফত জমাপূর্বক বিভাগীয় কমিশনার, বরিশাল মহোদয়ের কার্যালয়, বরিশাল এর রাজস্ব শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, বরগুনা এর রাজস্ব শাখা এবং বরগুনা জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয় হতে দরপত্র ফরম ক্রয় করা যাবে।

(খ) দরপত্র নির্ধারিত ফরমে সিলমোহরকৃত খামে বিভাগীয় কমিশনার, বরিশাল মহোদয়ের কার্যালয়, বরিশাল এর রাজস্ব শাখা, নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, বরগুনা এর রাজস্ব শাখা এবং বরগুনা জেলার সকল উপজেলা নির্বাহী অফিসার এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক সকাল ০৯:০০ ঘটিকা হতে দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত জমা প্রদান করা যাবে।

(গ) নির্দিষ্ট তারিখে দিনপঞ্জি অনুযায়ী বেলা ০১:০০ ঘটিকায় উপস্থিত দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে এবং পরবর্তী সিদ্ধান্ত গ্রহণ করা হবে ।

(ঘ) ত্রুটিপূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

(ঙ) দরপত্র দাখিলের সময় দরপত্রের সঙ্গে ৩ (তিন) কপি পার্সপোর্ট সাইজের সত্যায়িত ছবি, সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যান/পৌর মেয়র কর্তৃক স্থায়ী বাসিন্দার সনদপত্র, হালনাগাদ ব্যাংক স্বচ্ছলতার সনদপত্র, ট্রেড লাইসেন্স, হাল সনের আয়কর সনদপত্র এবং প্রদত্ত দরের ২৫% জামানত বাবদ জেলা প্রশাসক, বরগুনা এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ, বরগুনা কোর্ট বিল্ডিং শাখা হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অবশ্যই দাখিল করতে হবে।

(চ) দরপত্র দাখিলের তারিখে কোন দরপত্র বিক্রয় করা হবে না। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যেকোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

(ছ) উপরে বর্ণিত শর্তাবলী ছাড়াও অন্য কোন প্রয়োজনীয় তথ্যাদি এ অফিসের রাজস্ব শাখা হতে জানা যাবে এবং দরপত্র দাখিলের পূর্ণাঙ্গ শর্তাবলী সিডিউলের সাথে সরবরাহ করা হবে।

| দরপত্র আহ্বানের পর্যায় | দরপত্র ফরম বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র ফরম দাখিলের তারিখ ও সময় | দরপত্র খোলার তারিখ ও সময় | দরপত্র প্রাপ্তির স্থান/দাখিলের স্থান | দরপত্র কমিটি'র সভা |
|---|---|---|---|---|---|
| ১ম বার | ২৪.০৩.২০২১ বিকেল-৫:০০ টা পর্যন্ত | ২৫.০৩.২০২১ সকাল ০৯:০০ টা হতে দুপুর ১২:০০টা পর্যন্ত | ২৫.০৩.২০২১ দুপুর-০১:০০ টা | বিভাগীয় কমিশনারের কার্যালয়, বরিশাল, রাজস্ব শাখা; জেলা প্রশাসকের কার্যালয়, রাজস্ব শাখা, বরগুনা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (সকল), বরগুনা। | ২৮.০৩.২০২১ |

(হাবিবুর রহমান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা কমিটি,বরগুনা।
ফোন : ০৪৪৮-৬২৫৬৬ (অফিস)
e-mail:dcbarguna@mopa.gov.bd

## অন্যান্য শর্তবলী

০১। সীলমোহরযুক্ত খামে প্রতিটি মহালের জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করতে হবে। খামের উপরে বালুমহালের নাম ও ক্রমিক নম্বর সুস্পষ্টভাবে লিখতে হবে।

০২। দরপত্র দাতার নিকট বিগত সময়ে বা পূর্বে কোন সময়ের ইজারা মূল্য বকেয়া থাকলে তার/তাদের দরপত্র বাতিল বলে গণ্য হবে ।

০৩। ইজারা গ্রহীতাকে কার্যাদেশ প্রাপ্তির ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লেখিত সমুদয় অর্থ এবং ইজারা মূল্যের উপর ১৫% ভ্যাট, ৫% হারে আয়কর অবশ্যই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে উল্লিখিত সমুদয় অর্থ সম্পূর্ণরূপে পরিশোধ করা না হলে কার্যাদেশ বাতিল করা হবে।

০৪। ইজারা মূল্য বিধিমোতাবেক আয়কর ও ভ্যাটসহ সমুদয় অর্থ পরিশোধের পর ৩০০/-টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তি সম্পাদনপূর্বক ইজারা গ্রহীতাকে জেলা প্রশাসক কর্তৃক বালুমহালের দখল বুঝিয়ে দেয়ার পর ইজারাদার বালু উত্তোলন শুরু করতে পারবেন।

০৫। দরদাতা কর্তৃক দরপত্র দাখিলের সময় দরপত্রের সাথে ০৩ কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জাতীয় পরিচয়পত্র, ব্যাংক সচ্ছলতার সনদপত্র, ট্রেড লাইসেন্স, আয়কর সনদপত্র এবং প্রদত্ত দরের ২৫% হারে জামানত হিসেবে জেলা প্রশাসক, বরগুনা'র অনুকুলে সোনালী ব্যাংক লিঃ, বরগুনা কোর্ট বিল্ডিং শাখা হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই দাখিল করতে হবে।

০৬। দরপত্রের নির্দিষ্ট স্থানে দরদাতার স্বাক্ষর থাকতে হবে। উদ্ধৃত দর অংকে ও কথায় লিখতে হবে। দরপত্রের ফরমে কোন কাটা-ছেড়া অথবা ঘষা-মাজা করা যাবে না।

০৭। বালুমহাল যে অবস্থায় আছে সে অবস্থায় ইজারা প্রদান করা হবে। বাস্তবে বালুমহালের আয়তন কম/বেশী হতে পারে। ইজারা গ্রহীতাকে দরপত্র দাখিলের পূর্বেই সরেজমিন পরিদর্শন করে বালুমহালের প্রকৃত অবস্থা সঠিকভাবে জেনে দর দাখিল করতে হবে।

০৮। ইজারা গ্রহীতা কোন অবস্থাতেই মহালের কোন অংশ বা অংশ বিশেষ কাহারো নিকট সাবলীজ প্রদান করতে পারবেন না। উক্ত শর্ত ভঙ্গ করলে সরাসরি ইজারা বাতিল বলে গণ্য হবে এবং ইজারা মূল্য সরকার বরাবরে বাজেয়াপ্ত হবে ও মহালটি পুনরায় ইজারা প্রদানের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৯। ড্রেজিংকালে ইজারাদার নিজ পদ্ধতিতে ও অর্জিত গভীরতা পর্যবেক্ষণ করবেন এবং ড্রেজিং এর মাধ্যমে কোষ্ট-ড্রেজিং নির্ধারিত গভীরতা অর্জিত হয়েছে মর্মে ইজারা গ্রহীতা জেলা প্রশাসক, বরগুনাকে অবহিতপূর্বক নৌ-পরিবহণ কর্তৃপক্ষের নিকট হাইড্রোগ্রাফিক জরিপ করার আবেদন করবেন।

১০। বালু মহালের ইজারা গ্রহীতা বালু মহাল হতে শুধুমাত্র বালু উত্তোলন করতে পারবেন এবং বালু উত্তোলন ব্যতিত অন্য কোন কিছু উত্তোলন করা যাবে না। বালুমহাল হতে বালু উত্তোলন করে নদীর পাড় বা রাস্তা ভাঙ্গা যাবে না এবং কোন ক্রমেই জনস্বাস্থ্য/জনস্বার্থ /পরিবেশ বিঘ্নিত করা যাবেনা। কোন নদী বা খালে বাঁধ দিয়ে পানির স্বাভাবিক প্রবাহ বন্ধ করা যাবেনা।

১১। বালুমহালের দখল যে তারিখেই প্রদান করা হোক না কেন ইজারা মেয়াদ বাংলা ১৪২৮ সনের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। ৩০ চৈত্রের পর ইজারা গ্রহীতার কোন শর্ত বা স্বার্থ থাকবে না ।

১২। যে সকল বালুমহালের উপর মন্ত্রণালয়ের স্থগিতাদেশ/সিদ্ধান্তের অপেক্ষায়/বিজ্ঞ দেওয়ানী আদালতে স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/ নিষেধাজ্ঞার আদেশ রয়েছে, ঐ সকল মহালের ইজারা কার্যক্রম স্থগিতাদেশ/স্থিতাবস্থার আদেশ/ নিষেধাজ্ঞার আদেশ প্রত্যাহারের পর কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে নির্ধারিত দিনপঞ্জি মোতাবেক ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে। তবে ঐ সকল বালুমহালের তালিকা এ কার্যালয়ের নোটিশ বোর্ডে প্রদর্শন করা হবে এবং সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে প্রচারের জন্য প্রেরণ করা হবে। এতদ্ব্যতীত কোন মহালের কোন দাগের উপর কিংবা মহালের উপর বিজ্ঞ আদালতের স্থিতাবস্থা/নিষেধাজ্ঞার আদেশ থাকলে তা উল্লেখ করা না হলেও মামলা সংক্রান্ত তথ্যাদি পাওয়ার সঙ্গে সঙ্গে উক্ত মহালের ইজারা কার্যক্রম স্থগিত হবে বা তা ইজারা বর্হিভূত থাকবে।

১৩। ইজারা সংক্রান্ত সরকারি নীতিমালা ও সময়ে সময়ে জারীকৃত বিধি-বিধানসমূহ ইজারা গ্রহীতা অবশ্যই মেনে চলতে/প্রতিপালনে বাধ্য থাকবেন।

১৪। প্রতিটি পর্যায়ের জন্য ক্রয়কৃত দরপত্র ফরম শুধু ঐ পর্যায়ের জন্য ব্যবহার করা যাবে। অন্য কোন পর্যায়ে ব্যবহার করা যাবে না।

১৫। বালুমহাল ইজারা সম্পর্কিত যাবতীয় তথ্য এ কার্যালয়ের রাজস্ব শাখা/সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রত্যহ অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

১৬। যেকোন দরপত্র বিষয়ে দরপত্র কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে। কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যেকোন সময় যেকোন পর্যায় দরপত্র আহবানকারী এ বিজ্ঞপ্তি পরিবর্তন/পরিবর্ধন/স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। উপরোক্ত শর্তাবলীর যেকোন এক বা একাধিক শর্তের ব্যত্যয় ঘটলে ইজারা বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৮। দরপত্রের সাথে আবশ্যিকভাবে নিবন্ধন সার্টিফিকেট ( মুসক-৮) সংযুক্ত করে দাখিল করতে হবে।

১৯। বন্যা, নদীর প্রবাহ, নদীর নাব্যতা, পরিবেশের ভারসাম্য ইত্যাদি কারণে জাতীয় স্বার্থে যেকোন সময় কর্তৃপক্ষ বালুমহালের ইজারা বাতিল করতে পারেন।

২০। বালুমহাল হতে বালু উত্তোলনের সময় নৌ-চলাচলে যাতে কোন প্রকার বিঘ্ন না ঘটে সেদিকে লক্ষ্য রেখে ইজারাদারগণকে বালুমহাল হতে বালু উত্তোলন করতে হবে।

# বাংলা ১৪২৮ সনে ইজারাযোগ্য বালুমহালের তালিকা:

| ক্র: নং | উপজেলার নাম | বালুমহালের নাম | তফসিল | আয়তন (একরে) | চতুর্সীমানা | ১৪২৮ সনের সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | বরগুনা সদর | বিষখালী বালুমহাল-১ | মৌজা : ৩৬ নং চরকগাছিয়া, খ. নং: ১, দাগ নম্বর: ৩০২০/৩০৫০<br>মৌজা : ৩৭ নং নলী, খ.নং: ১, দাগ নং: ৩০২০/১৯২০<br>মৌজা : ৫০ নং খাজুরা, খ.নং: ১, দাগ নম্বর: ২৬৯৮<br>মৌজা : ৫১ নং ডালভাঙ্গা, খ.নং: ১, দাগ নম্বর: ২৯৯৬/৩০৪০<br>মোট= | ৫৪.০০ একর<br>১১৫.০০ একর<br>১০৫.৫০ একর<br>৫১.৫০ একর<br>৩২৬.০০ একর | ১। উত্তরে বিষখালী নদী (খাকদোন নদীর মোহনা পর্যন্ত)<br>২। দক্ষিণে বিষখালী নদী (পাথরঘাটার মোহনা পর্যন্ত)<br>৩। পূর্বে খাজুরা, ডালভাঙ্গা, চরকগাছিয়া ও নলী মৌজা পর্যন্ত<br>৪। পশ্চিমে বিষখালী নদী (বরগুনা সদর উপজেলার সীমানা পর্যন্ত) | ১৯৯৮৭০০ |
| ২ | আমতলী | বুড়িশ্বর(পায়রা)নদী বালুমহাল-১ | মৌজা : চাওড়া, খং নং ০১, রিভার ব্লক, সিট নং ২, দাগ নং-৪২৮৭ | ২৫০.০০ একর | চাওড়া নদীর মোহনা হতে উত্তরে আঙ্গুল কাটা পর্যন্ত। | ৩৮৩৯৭৪ |
| ৩ | আমতলী | বুড়িশ্বর(পায়রা)নদী বালুমহাল-২ | মৌজা : আমতলী, খং নং ০১,রিভার ব্লক, সিট নং-২ ও ৩, দাগ নং-৩৭৯৫,৯৮৭০ | ৪৫.০০ একর | ওয়াপদা অফিসের উত্তর সীমানা থেকে ২০০ ফুট মাঝে দক্ষিণে ৪৫০০ফুট, পুরাতন লঞ্চঘাট থেকে ১০০০ ফুট নদী বাদে পশ্চিমে ৪০০০ ফুট পর্যন্ত। | ৩৯৬৩৬৬ |
| ৪ | আমতলী | বুড়িশ্বর(পায়রা)নদী বালুমহাল-৩ | মৌজা : আমতলী, খং নং ০১, রিভার ব্লক, সিট নং-৩ দাগ নং-৯৮৭১ | ৬০.০০ একর | আড়পাঙ্গাশিয়া নদীর মোহনা হতে পশ্চিমে ডাঙ্গার খাল, আড়পাঙ্গাশিয়া নদীর মাঝ, উত্তরে আমতলী গরুর হাট সংলগ্ন স্লুইজ থেকে ২০০ ফুট দক্ষিণে ৬০০০ ফুট চর এলাকা। | ৫০২২৯৬ |
| ৫ | আমতলী | বুড়িশ্বর(পায়রা)নদী বালুমহাল-৪ | মৌজা : গুলিশাখালী, খং নং ০১, রিভার ব্লক, সিট নং-২ দাগ নং-৬১৫০, ৫৫৯০, ৫৬০৭ | ২৭০.০০ একর | আঙ্গুলকাটা হতে গুলিশাখালী পর্যন্ত। উত্তরে বিঘাই মৌজা, দক্ষিণে আঙ্গুলকাটা, পশ্চিমে আয়লা মৌজা এবং উত্তরপূর্বে মির্জাগঞ্জ উপজেলা, পটুয়াখালী | ২৬৫৮৩৩ |
| ৬ | আমতলী | বালিয়াতলী বুড়িশ্বর (পায়রা)নদী বালুমহাল-৬ | মৌজা : ঘোপখালী, খং ন-ং ০১, রিভার ব্লক, সিট নং-৩, দাগ নং-৬৩৪৭,৪৯৪৮ | ২৬০.০০ একর | উত্তরে বালিয়াতলী হতে দক্ষিণে পঁচাকোড়ালিয়া লঞ্চঘাট, পশ্চিমে গোলবুনিয়া ও লবনগোলার পাড় এবং পূর্বে পশুরবুনিয়া খাল পর্যন্ত । | ৯০৩৮৩ |
| ৭ | আমতলী | আড়পাঙ্গাশিয়া বুড়িশ্বর (পায়রা)নদী বালুমহাল-৭ | মৌজা: আড়পাঙ্গাশিয়া খং নং ০১, রিভার ব্লক, সিট নং-৩ দাগ নং-৭২৩৭, | ২০০.০০ একর | উত্তরে আড়পাঙ্গাশিয়া খাল হতে দক্ষিণে পশুরবুনিয়া খেয়াঘাট, পশ্চিমে ছোট লবনগোলার পাড় এবং পূর্বে পশুরবুনিয়ার পাড় । | ১৭২৩৩৪ |
| ৮ | তালতলী | চরপাড়া বুড়িশ্বর(পায়রা)নদী বালুমহাল-৫ | মৌজা : ৪০ নং চরপাড়া ও ৩৭ নং গাবতলী, খং নং ০১, রিভার ব্লক, সিট নং-৫, দাগ নং-৩৩০৫,৩৪৪০ | ২২৫.০০ একর | উত্তরে গাবতলী খাল হতে দক্ষিণে পুরানো নকরির খেয়াঘাট, পশ্চিমে লতাকাটা খেয়াঘাট এবং পূর্বে চরপাড়া মৌজা পর্যন্ত। | ২৯৭০০০ |
| ৯ | তালতলী | নলবুনিয়া-নিদ্রা বুড়িশ্বর(পায়রা)নদী বালুমহাল-৮ | মৌজা: ৪১ নং ছোট নিশানবাড়িয়া, খং নং ০১, রিভার ব্লক সিট নং ০৫, সিট নং-১০ দাগ নং-৫২৮৭, | ২০০.০০ একর | পায়রা নদীর মোহনা হরিণঘাটার দক্ষিণে নলবুনিয়া নিদ্রা ও মরা নিদ্রা এবং ছকিনা এলাকার দক্ষিণ/পশ্চিম সীমানা । | ৮২০৬৬৯ |

| ক্র: নং | উপজেলার নাম | বালুমহালের নাম | তফসিল | আয়তন (একরে) | চতুর্সীমানা | ১৪২৮ সনের সম্ভাব্য ইজারা মূল্য |
|---|---|---|---|---|---|---|
| ১০ | তালতলী | ছোট নিশানবাড়িয়া বুড়িশ্বর(পায়রা)নদী বালুমহাল-৯ | মৌজা : ৪১ নং ছোট নিশানবাড়িয়া, খং নং ০১, রিভার ব্লক সিট নং-৫, সিট নং ১০, দাগ নং-৫২৮৮ | ২৫০.০০ একর | ছোট নিশানবাড়িয়া মৌজার খোট্টারচর, জয়ালভাঙ্গা, তেতুলবাড়িয়া এলাকার মুখশা (পায়রা ও বঙ্গোপসাগরের মোহনার চর) এলাকা। | ৮২২০৩০ |
| ১১ | পাথরঘাটা | বলেশ্বর নদী বালুমহাল-১ | মৌজা: ১৮ নং কাঠালতলী (কাঠালতলী মৌজা সংলগ্ন রিভার ব্লক, সিট নং-১) খং নং -১, দাগ নং-৬৮৫৫ | ২০.০০ একর | উত্তরে হলতা নদীর মোহনা, দক্ষিণে চরদুয়ানী খাল,পূর্বে কাঠালতলী মৌজা ও পশ্চিমে বলেশ্বর নদী। | ৮৯৫০৪ |
| ১২ | পাথরঘাটা | বলেশ্বর নদী বালুমহাল-২ | মৌজা: ২২ নং চরদুয়ানী, (ছোট টেংরা, তাফালবাড়িয়া, চরদুয়ানী মৌজা সংলগ্ন রিভার ব্লক,সিট নং-২), খং নং -১ ও দাগ নং-১৯৩০ | ২৫.০০ একর | উত্তরে চরদুয়ানী খাল, দক্ষিণে তাফালবাড়িয়া মৌজা, পূর্বে-চরদুয়ানী মৌজা ও পশ্চিমে বলেশ্বর নদী। | ৭৫৬৪৪ |
| ১৩ | বেতাগী | চরখালী গেরামর্দন বালুমহাল | মৌজা: চরখালী, খং নং -০১, দাগ নং- ১৩৭২ ও ১৮০৫ | ৫০.৩৭ একর | উত্তরে বিষখালী নদী (আমুয়া খালের মোহনা), দক্ষিণে বেড়ের দোন খালের মোহনা, পূর্বে চরখালী ও গেরামর্দন মৌজা, পশ্চিমে বামনা বেবাজিয়াখালী বালুমহাল। | ১২৪২১৫৬ |
| ১৪ | বেতাগী | ভোড়া ও দক্ষিণ কালিকাবাড়ি বালুমহাল | মৌজা: ভোড়া ও দক্ষিণ কালিকাবাড়ি, খং নং -০১, দাগ নং- ৩৬৯৫ ও ৫৭০০ | ১৬.২৮ একর | উত্তরে আলিয়াবাদ লঞ্চঘাট খাল, দক্ষিণে-ভোড়া মৌজা সংলগ্ন নতুন চর, পূর্বে-দক্ষিণ কালিকাবাড়ি মৌজা, পশ্চিমে- বিষখালী নদী | ১৫৬৯৭০০ |
| ১৫ | বামনা | চররুহিতা বালুমহাল | মৌজা: ২৭/১ চররুহিতা, খং নং-১, দাগ নং-২৭৪ | ৩০.০০ একর | উত্তরে- বিষখালী নদী ও সফিপুর মৌজা, দক্ষিণে-আবাদকৃত রুহিতার চর, পূর্বে-বদনীখালী মৌজা(বেতাগী), পশ্চিমে-বিষখালী নদী ও সফিপুর মৌজা (বামনা)। | ৪১৯২৮৪ |
| ১৬ | বামনা | বেবাজিয়াখালী বালুমহাল | মৌজা: ৫নং বেবাজিয়াখালী, খং নং-১ দাগ নং-৮৭৬ | ১৩.৪৪ একর | উত্তরে-বিষখালী নদী ও বেবাজিয়াখালী মৌজা, দক্ষিণে-বিষখালী নদী, পূর্বে-বেতাগী উপজেলার বালুমহাল ও চারণভূমি, পশ্চিমে বিষখালী নদী এবং বামনা ও বেবাজিয়াখালী মৌজা। | ১০২১৫৩৪ |

স্মারক নম্বর : ৩১.১০.০৪০০.১১১.৩২.৫৪৪.২০-৩৭৭ (১৫০),

তারিখ : ২৫ ফাল্গুন ১৪২৭
১০ মার্চ ২০২১

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে) :

০১। সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৩। বিভাগীয় কমিশনার, বরিশাল।

০৪। জেলা প্রশাসক, বরিশাল/ভোলা/পটুয়াখালী/পিরোজপুর/ঝালকাঠী।

০৪। পুলিশ সুপার, বরগুনা।

০৫। চেয়ারম্যান, জেলা পরিষদ, বরগুনা।

০৬। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো, ভূতত্ত্ব ভবন (৭ম তলা), ১৫৩ পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা।

০৭। পরিচালক, পরিবেশ অধিদপ্তর, বরিশাল বিভাগ, বরিশাল।

০৮। নির্বাহী প্রকৌশলী, গণপূর্ত বিভাগ/এলজিইডি/পানি উন্নয়ন বোর্ড, বরগুনা। বিজ্ঞপ্তিটি তাঁর নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

০৯। উপজেলা নির্বাহী অফিসার,বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১০। মেয়র,বরগুনা/আমতলী/পাথরঘাটা/বেতাগী পৌরসভা, বরগুনা।

১১। সহকারী কমিশনার (ভূমি), বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১২। জেলা তথ্য অফিসার,বরগুনা। তাঁকে মাইকযোগে বিভিন্ন স্থানে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৩। সাব-রেজিস্ট্রার, বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। বিজ্ঞপ্তিটি তার নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৪। সহকারী পরিচালক, বরগুনা নদী বন্দর, বরগুনা ।

১৫। উপজেলা পোষ্ট মাস্টার, বরগুনা সদর/আমতলী/পাথরঘাটা/বামনা/বেতাগী/তালতলী। বিজ্ঞপ্তিটি তার নোটিশ বোর্ডে টাঙ্গানোর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

১৬। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা প্রশাসকের কার্যালয়, বরগুনা। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা..............................ইউনিয়ন ভূমি অফিস...................., জেলা-বরগুনা। বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য বলা হলো।

১৮। জনাব ...........................................প্রাক্তন ইজারাদার/ইজারায় অংশগ্রহণকারী, সাং-................................. ................................................................... ।

১৯। সম্পাদক, দৈনিক সমকাল, টাইমস মিডিয়া ভবন (৫ম তলা), ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮ ও সম্পাদক, দৈনিক সৈকত সংবাদ, বরগুনা। এতৎসঙ্গে প্রেরিত বিজ্ঞপ্তিটি দৈনিক পত্রিকায় ভিতরের পাতায় সীমিত পরিসরে কেবলমাত্র ০১(এক) দিন প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

১০/৩/২১

জেলা প্রশাসক
বরগুনা।